

## যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্যবিবরণী :

অধিবেশন নং- ০৩

স্থান : উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়, তালা, সাতক্ষীরা।

তারিখ : ০৯/১২/২০২১ খ্রিঃ সময় : সকাল ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্য বৃন্দ “পরিশিষ্ট” ক” তে সংযোজিত।

অদ্য ০৯/১২/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় উপজেলা ভাইস চেয়ারম্যান জনাব সরদার মশিয়ার রহমান এর সভাপতিত্বে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির চলতি অর্থ বছরের ৩য় সভা অনুষ্ঠিত হয়।

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ রেজাউল করিমকে চলতি সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব নিমোক্ত আলোচ্য সূচী উত্থাপন করেন।

আলোচ্য বিষয় :-

- ১। যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক।
- ২। ঋণ বিতরণ/ খেলাপী ঋণ আদায় সংক্রান্ত।
- ৩। যুব উন্নয়ন অফিস মেরামত ৪। বিবিধ।

ক্রঃনং	বিষয়/কারন	বিবরণ	ফলাফল/সুপারিশ
০১.	যুব ও ক্রীড়া উন্নয়ন : উপজেলা পর্যায়ে ক্রীড়াকে আরও গতিশীল বা বেগবান করা , কারন খেলাধুলার পরিমান বা প্রতিযোগিতা কমে যাওয়া। যুব সংগঠনের বেকার যুবরা খেলাধুলার মধ্যে ব্যস্ত থাকলে, মাদক, ইভিটিজিং, চুরি, ডাকাতিসহ নানা অপকর্ম থেকে বিরত থাকবে।	অত্র উপজেলার ২২টি যুব সংগঠনের কার্যকারিতা বৃদ্ধির লক্ষ্যে তাদের সাথে যোগাযোগ/মতবিনিময় ও খেলাধুলার সরঞ্জামাদী সরবরাহের মাধ্যমে উল্লেখ করন করা যায়। ফুটবল=৫০টি, ৪০,০০০/-টাকা ভলিবল=৫০টি=৩৫,০০০/-টাকা ও ক্রিকেট সেট=৫টি, ২৫,০০০/-টাকা। ব্যাটমিস্টন=১০ সেট=৪০,০০০/-মোট ১,৪০,০০০/- টাকার সরঞ্জামাদী ক্রয়ের প্রস্তাব করা হয়। যা এডিবিবির অর্থায়নে ক্রয়করা সম্ভব।	শীতমৌসুমে খেলার সামগ্রী ক্রয় করা গেলে এবং খেলাধুলার সরঞ্জামাদী সরবরাহ করা গেলে যুব সংগঠনগুলো ক্রীড়া জগতে কার্যকরী ভূমিকা রাখতে পারবে।
০২.	ঋণ বিতরণ/ খেলাপী ঋণ আদায় সংক্রান্ত। চলতি অর্থবছরে ১৪,৬০,০০/- টাকা যুব ঋণ বিতরণ করা হয়েছে। ক্রমপূঞ্জিত ঋণ বিতরণ ২,০৩,৮২,০০০/-টাকা।	যুবদের আত্মকর্মসংস্থানের জন্য চলতি অর্থ বছরে ১৪,৬০,০০০/-টাকা এবং ক্রমপূঞ্জিত ২,০৩,৮২,০০০/-টাকা বিতরণ করা হয়েছে। ঋণখেলাপী ৬,৯৭,৭৫৭/- এবং কিস্তি খেলাপী ২৯৯,১৬৭/-টাকা।	যুবদের আত্মকর্মসংস্থানের জন্য যথেষ্ট পরিমান যুব ঋণ বিতরণ করা হয়েছে কিন্তু যুবরা সঠিক সময়ে যুব ঋণ পরিশোধ করছে না। ক্রমপূঞ্জিত আদায়ের হার ৯৪%।
০৩.	অফিস মেরামত : যুব উন্নয়ন অফিস সংলগ্ন বারান্দার গ্রীল সংস্কার করার প্রয়োজন।	যুব উন্নয়ন অফিস সংলগ্ন বারান্দার গ্রীল ও ইটদ্বারা সংস্কার করা হলে অফিসের নিরাপত্তা বৃদ্ধি পাবে। সম্ভাব্য খরচ ১,৫০,০০০/টাকা।	যুব উন্নয়ন অফিসসহ আরও তিনটি অফিসের নিরাপত্তার জন্য গ্রীল ও ইট দ্বারা সংস্কারের সিদ্ধান্ত গৃহীত হয়।
০৪.	বিবিধ : পঞ্চবার্ষিকী পরিকল্পনা। পঞ্চবার্ষিকী পরিকল্পনার মাধ্যমে অত্র কার্যালয়ের সকল বিষয় অবগত হওয়া সম্ভব।	সভাপতি মহোদয় অত্র কার্যালয়ের পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য প্রস্তাব করেন।	অত্র কার্যালয়ের পঞ্চবার্ষিকী পরিকল্পনা প্রস্তুত পূর্বক ইতোমধ্যে উপজেলা পরিষদে প্রদান করা হয়েছে।

উপরোক্ত কারন বিবরণ ও সুপারিশের সমন্বয়ে যুব ও ক্রীড়া বিষয়ক স্থায়ী কমিটিতে বিস্তারিত আলোচনা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

সভাপতি

স্বাক্ষরিত

( সরদার মশিয়ার রহমান )

ভাইস চেয়ারম্যান

তালা, সাতক্ষীরা

তারিখ : ০৯/১২/২১ খ্রিঃ

স্মারক নং- ৩৪.০১.৮৭৯০.০০০.৪৪.০৯০.১১-৩১৯

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালা, সাতক্ষীরা।

০২। উপজেলা নির্বাহী অফিসার, তালা, সাতক্ষীরা।

০৩। চেয়ারম্যান..... ইউনিয়ন, তালা, সাতক্ষীরা।

০৪. অফিস কপি।

সদস্য সচিব



( মোঃ রেজাউল করিম )

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা

তালা, সাতক্ষীরা।

পরিশিষ্ট-“ক”

ক্রম ং	নাম	পদবী	কমিটিতে অবস্থান	তারিখ	স্বাক্ষর
১.	জনাব সরদার মশিয়ার রহমান	ভাইস চেয়ারম্যান, তালা, সাতক্ষীরা।	সভাপতি	০৯/১২/২০২১	স্বাক্ষরিত
২.	জনাব সরদার জাকির হোসেন	চেয়ারম্যান তালা, সদর ইউপি	সদস্য	০৯/১২/২০২১	স্বাক্ষরিত
৩.	জনাব এনামুল ইসলাম,	তালা, সাতক্ষীরা	সদস্য	০৯/১২/২০২১	স্বাক্ষরিত
৪.	জনাব শিমুল বিশ্বাস	পাটকেশঘাটা	সদস্য	০৯/১২/২০২১	স্বাক্ষরিত
৫.	জনাব হারুনার রশীদ পুকার	তালা, সাতক্ষীরা	সদস্য	০৯/১২/২০২১	স্বাক্ষরিত
৬.	জনাব এইচ এম শামীম	তালা, সাতক্ষীরা	সদস্য	০৯/১২/২০২১	স্বাক্ষরিত
৭.	জনাব মোঃ রেজাউল করিম,	উপজেলা যুব উন্নয়ন অফিসার	সদস্য সচিব	০৯/১২/২০২১	স্বাক্ষরিত

